গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।
Usso.agailjhara@dss.gov.bd

# ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্তে 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছেন। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অত্র উপজেলার ০৫ (পাঁচটি) টি ইউনিয়নের সকল ওয়ার্ডেই আগামী ১লা আগষ্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

০২। আগৈলঝাড়া, উপজেলায় তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত Enumerator বা জরিপকারীগণ মাঠপর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড এ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ, যথাসময়ে আপনার গ্রামে/বাড়িতে পৌঁছে সরেজমিনে পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম 'ফ্যামিলি কার্ড' একটি 'বিনামূল্য' সেবা অর্থাৎ নীতিমালা অনুযায়ী উপযুক্ত নারী পরিবার প্রধান কোন ফিস প্রদান ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে সেবাটি পাবেন। ফলে কোন সঙ্ঘবদ্ধ প্রতারক চক্র বিবিধ আর্থিক প্রলোভন ও ফ্যামিলি কার্ড প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের মাধ্যমে অনৈতিক লেনদেন বা আর্থিক সুবিধা দাবী করলে সেটি মিথ্যা ও প্রতারণা ছাড়া কিছু নয়। ফ্যামিলি কার্ড পেতে নাগরিকদের যেহেতু কোন ফিস প্রয়োজন হয়না সেহেতু উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে এ ধরণের অনৈতিক লেনদেনে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ কিংবা প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, 'ফ্যামিলি কার্ড' পেতে আগ্রহী নাগরিকবৃন্দকে কোন প্রকার প্ররোচনা-প্রলোভনে প্রভাবিত না হয়ে যে কোন অনৈতিক লেনদেন হতে বিরত থাকার আহবান জানানো যাচ্ছে এবং একই সাথে এধরনের সঙ্ঘবদ্ধ প্রতারক চক্রকে আইন-প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে। বিষয়টি অতীব জরুরী।

২১/০৭/২৬

তপন বিশ্বাস
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/ উপকারভোগী নির্বাচনে উপজেলা কমিটি
ফোন : ০১৯৩৬৬৯৩০৫৬

নম্বর: ৪১.০১.০৬০২.০০০.০০০.২৭.০০০১.২৬- ১০৬

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও মাননীয় সংসদ সদস্য-বরিশাল-০১।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, আমতলী, বরিশাল।
৩। জেলা প্রশাসক, বরিশাল।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল।
৫। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৬। অফিসার ইন চার্জ, আগৈলঝাড়া, থানা, বরিশাল। [ এ সংক্রান্ত অভিযোগ পেলে ত্বরিত আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭। চেয়ারম্যান............(সকল) ইউনিয়ন পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল। [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
৮। সভাপতি/সম্পাদক, প্রতিনিধি............প্রেসক্লাব, আগৈলঝাড়া, বরিশাল [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

২১/০৭/২৬

তপন বিশ্বাস
উপজেলা সমাজসেবা অফিসার

CS CamScanner